



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
আইন শাখা-১
www.tmed.gov.bd

পত্র সংখ্যা-৫৭.০০.০০০০.০৪৬.০৪.১৬৫.১৫-১৫১

তারিখঃ ০৮ চৈত্র ১৪২৬
২২ মার্চ ২০১৬

অফিস আদেশ

বগুড়া জেলার ধুনট উপজেলাধীন কান্তনগর টেকনিক্যাল স্কুল এন্ড বিজনেস ম্যানেজমেন্ট কলেজের ভোকেশনাল শাখার কম্পিউটার ডেমনেস্ট্রেটর জনাব মো: আবু খায়ের এর দাখিলকৃত প্রশিক্ষণ সনদটি নট্রামস কর্তৃক প্রদত্ত নয় বরং উক্ত সনদটি "Modern Training Academy for Multilingual Shorthand" ধুনট বগুড়া কর্তৃক প্রদত্ত যা সরকার কর্তৃক স্বীকৃত প্রতিষ্ঠান নয় মর্মে নেকটার (প্রাক্তন নট্রামস) কর্তৃক উল্লেখিত হয়েছে।

০২. ফলে জনাব মো: আবু খায়েরের কম্পিউটার ডেমনেস্ট্রেটর এর নিয়োগকালীন প্রশিক্ষণ সনদটি সরকার স্বীকৃত প্রতিষ্ঠান না হওয়ায় তার নিয়োগকালীন কাম্য যোগ্যতা না থাকায় এমপিওভুক্ত করা হয়নি মর্মে ডিটিই (কারিগরি শিক্ষা অধিদপ্তর) কর্তৃক উল্লেখিত হয়েছে।

০৩. এমপিওভুক্তির আবেদন ডিটিই কর্তৃক প্রত্যাখ্যাত হওয়ার পর জনাব মো: আবু খায়েরের কম্পিউটার ডেমনেস্ট্রেটর কর্তৃক গত ১৯.০৬.২০০৪ খ্রি. তারিখ হতে এমপিওভুক্তির দাবী করে মহামান্য হাইকোর্ট বিভাগে রিট পিটিশন নং-৩৭৯৫/২০১৫ দায়ের করা হয়।

০৪. উক্ত রিট মামলায় মহামান্য হাইকোর্ট বিভাগ কর্তৃক প্রদত্ত গত ০৩.০৪.১৯ খ্রি. তারিখের রায়/আদেশের শেষাংশ নিম্নরূপ:

In the result, the rule is disposed of with direction upon the respondents to include the name of the petitioner in the M.P.O List, if he has requisite qualification within 1 (one) month from the date of receipt of this order.

The respondent No. 1 is also directed to investigate the matter by framing a 3 (three) members enquiry committee headed by the District Education officer, Bogra to find out the real perpetrators, within 1 (one) month from the date of receipt of this order and conclude the investigation as soon as possible preferably within 6 (six) months from the date of receipt of this order and take necessary action in accordance with the law and submit a report to the Registrar, Bangladesh Supreme Court, High Court Division, Dhaka within 1 (one) month, after expiry of the aforesaid six months.


০৫. উক্ত রিট পিটিশন নং-৩৭৯৫/১৫ মামলায় ০৩.০৪.১৯ তারিখের রায়ের নির্দেশনা অনুযায়ী জেলা শিক্ষা অফিসার, বগুড়া এর সভাপতিত্বে নিম্নোক্ত ০৩ (তিন) সদস্য বিশিষ্ট কমিটি গঠন করা হলো।:

(i)	জেলা শিক্ষা অফিসার, বগুড়া	-	সভাপতি
(ii)	উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, ধুনট, বগুড়া	-	সদস্য
(iii)	জাতীয় কম্পিউটার প্রশিক্ষণ ও গবেষণা একাডেমী (নেকটার) এর ইনস্ট্রাক্টর (কম্পিউটার)	-	সদস্য-সচিব

০৬. কর্মপরিধি: উক্ত কমিটি-

- জনাব মো: আবু খায়ের (কম্পিউটার ডেমনেস্ট্রেটর) এর নিয়োগকালীন কাগজপত্র (নিয়োগ বিজ্ঞপ্তি বর্ণিত শিক্ষাগত যোগ্যতা এবং এমপিও নীতিমালা অনুযায়ী অন্যান্য শর্তাবলী) যাচাই করে কোন অসংগতি আছে কিনা তা সনাক্ত করবে।
- জনাব মো: আবু খায়ের (কম্পিউটার ডেমনেস্ট্রেটর) এর নিয়োগ কার্যক্রমের সাথে জড়িত নিয়োগ বোর্ড এবং উক্ত প্রতিষ্ঠানের গভর্নিং বডি'র কোন কার্যক্রম নিয়োগ বিজ্ঞপ্তি বর্ণিত কোন শর্তাবলী এবং এমপিও নীতিমালায় বর্ণিত (এ সংক্রান্ত) কোন শর্তাবলীর পরিপন্থি কিনা তা যাচাই করে সনাক্ত করবে।
- জনাব মো: আবু খায়ের (কম্পিউটার ডেমনেস্ট্রেটর) এর নিয়োগ বিষয়ে কোন অনিয়ম/দুর্নীতি/জালিয়াতিমূলক কার্যক্রম সংঘটিত হয়ে থাকলে তা সনাক্ত করবে এবং এ বিষয়ে দায়ী ব্যক্তি/ব্যক্তিবর্গ (নাম, পদবী, বর্তমান ঠিকানা সহ) সনাক্ত করবে।
- সনাক্তকৃত দায়ী ব্যক্তি/ব্যক্তিবর্গের বিষয়ে করণীয় (প্রয়োজনীয় আইন/বিধি উল্লেখক্রমে) সম্পর্কে সুপারিশ এবং সুনির্দিষ্ট সুপারিশ করবে;
- কমিটি আগামী ৩০.০৪.২০ তারিখের মধ্যে আবশ্যিকভাবে সুপারিশসহ প্রতিবেদন টিএমইডিতে দাখিল করবে।

০৭. যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।


২২.০৬.২০
(নূরজাহান বেগম)
সিনিয়র সহকারী সচিব (অডিট)
ফোন: ৯৫৭৫২৭২

বিতরণ: সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে:(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
- সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- সিস্টেম এনালিস্ট, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (পত্রটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)
- অতিরিক্ত সচিব (কারিগরি) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- অতিরিক্ত সচিব (অডিট ও আইন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- পরিচালক, কম্পিউটার প্রশিক্ষণ ও গবেষণা একাডেমি (নেকটার), বগুড়া।
- জেলা শিক্ষা অফিসার, বগুড়া।
- উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, ধুনট, বগুড়া।
- ইনস্ট্রাক্টর (কম্পিউটার), জাতীয় কম্পিউটার প্রশিক্ষণ ও গবেষণা একাডেমী (নেকটার), বগুড়া।
- অফিস কপি/মাস্টার কপি।